দৈনিক ইনকিলাব 8

তারিখ 15 APR 1990
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 2 ...

## শিক্ষাঙ্গন

### মহিলাদের কারিগরী শিক্ষা

বাংলাদেশের ১৮টি পলিটেকনিক ইন্সটিটিউটের মধ্যে ঢাকার আগারগাঁওয়ে অবস্থিত একমাত্র মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটটি ১৯৮৫ সালে প্রতিষ্ঠিত হয়। কারিগরী শিক্ষায় মেয়েদের সীমিত সুযোগের কথা চিন্তা করে বাংলাদেশ সরকার ইউনেস্কোর সহযোগিতায় ইন্সটিটিউটটি স্থাপন করেন। এখানে ইলেকট্রনিক্স ও স্থাপত্য বিভাগে ২৮০ জন ছাত্র ভর্তি হয়। বিভিন্ন কারণে এখানকার লেখা-পড়ার পরিবেশ বিঘ্নিত হচ্ছে। পত্রিকায় এখানকার পরিবেশ সম্বন্ধে কয়েকবার লেখার পরেও কর্তৃপক্ষ সম্পূর্ণ নীরব। আবাসিক এবং পরিবহন সমস্যা কাটিয়ে মেয়েরা এখানে কষ্ট করে প্রতিদিনই দূর-দূরান্ত থেকে এসে ক্লাস করছে। একশ্রেণীর শিক্ষক ও কর্মচারীর কু-দৃষ্টিতে পড়ে অনেক ছাত্রীরই ভোগান্তির শেষ নেই। কিছুদিন আগে স্থাপত্য বিভাগ থেকে একজন ছাত্রীকে বহিষ্কার করা হয়। উক্ত ছাত্রী ফার্স্ট সিমিস্টার পরীক্ষায় ফেল করেছিলো। "পরীক্ষায় ফেল করলে প্রমোশন হয় না, কিন্তু রি-এডমিশন নিতে হয়"।— এটাই তো শিক্ষা বোর্ডের নিয়ম। কিন্তু ফেল করলেই বহিষ্কার হয়ে যায় এ নিয়মে তাকে বহিষ্কার করা হয়। ইন্সটিটিউটের শিক্ষার পরিবেশ রক্ষাকল্পে এবং প্রতিটি ছাত্রীর ভবিষ্যতের কথা চিন্তা করে এ ব্যাপারে নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য কারিগরী শিক্ষা অধিদপ্তর ও শিক্ষা মন্ত্রণালয়ের আশু হস্তক্ষেপ প্রয়োজন।

—মোঃ মুখলেছুর রহমান